

## হরতালেও আজ

### পরীক্ষা হবে

সার্বিক নিরাপত্তায়  
নামছে বিজিবি

নিজস্ব প্রতিবেদক ▷

জামায়াতের ডাকা হরতালেও আজ সোমবার কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি ভোকেশনালের পরীক্ষা হবে। তবে আজ এইচএসসির আট সাধারণ বোর্ড, মাদ্রাসা বোর্ড এবং কারিগরি বোর্ডের এইচএসসি (ব্যবসা ব্যবস্থাপনা) ও ডিপ্লোমা-ইন-কমার্সের কোনো পরীক্ষা নেই। এসব বোর্ডের পরবর্তী পরীক্ষা ১৫ এপ্রিল বুধবার। এদিকে এইচএসসি পরীক্ষা ও হরতাল ছাড়াও আগামীকাল মঙ্গলবার বাংলা বর্ষবরণ। এর জন্যও বিশেষ নিরাপত্তা দরকার। বিশেষ করে মানবতাবিরোধী অপরাধের দায়ে আলবদর নেতা কামারুজ্জামানের ফাঁসি কার্যকর হওয়ায় এবার নিরাপত্তার আঁশ আরো বেড়েছে। সব কিছু বিবেচনায় আজ ঢাকাসহ সারা দেশে মোতায়েন করা হচ্ছে ৩১১ প্লাটন বিজিবি। এর মধ্যে ১৩২ প্লাটন বিজিবি মোতায়েন থাকবে পরীক্ষার্থীদের নিরাপত্তায়। বিজিবি সূত্রে এ তথ্য জানা গেছে।

জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামারুজ্জামানের ফাঁসির রায় শনিবার রাতে কার্যকর করার পর আজ হরতাল ডেকেছে দলটি। হরতালের মধ্যে পরীক্ষার্থীরা

▶▶ পৃষ্ঠা ৭ ক. ৪

## হরতালেও আজ পরীক্ষা হবে

▶▶ শেষ পৃষ্ঠার পর

যাতে নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারে, সে জন্য বিজিবি নিরাপত্তা দেবে। জানতে চাইলে কারিগরি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. রফিকুল ইসলাম মীর গতকাল রবিবার কালের কণ্ঠকে বলেন, 'এবারের এইচএসসি ভোকেশনালে প্রায় ৯ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। আর এ পরীক্ষা দেশের ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তাই হরতাল পরীক্ষার ওপর কোনো প্রভাব ফেলবে না। নির্দিষ্ট সময়েই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর আগেও আমরা হরতালের মধ্যে এইচএসসি ভোকেশনালের একটি পরীক্ষা নিয়েছি, কোনো সমস্যা হয়নি।'

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, আজ সকালে এইচএসসি ভোকেশনালের নতুন ও পুরনো সিলেবাসের উচ্চতর গণিত-১ ও গণিত-১ বিষয়ের পরীক্ষা রয়েছে। এদিকে গতকাল এইচএসসির চতুর্থ দিনের পরীক্ষা হয়েছে ইংরেজি দ্বিতীয় পত্র, মাদ্রাসা বোর্ডের আরবি প্রথম পত্র ও আরবি সাহিত্য-এবং কারিগরি বোর্ডের ব্যবসা ব্যবস্থাপনা ও ডিপ্লোমা-ইন-কমার্সের বিজনেস ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন, ভোকেশনালের উচ্চতর গণিত-২ ও গণিত-২ বিষয়ের।

আতশিফা বোর্ড সমন্বয় সাক্ষরিত সূত্রে জানা যায়, গতকালের পরীক্ষায় ১০ বোর্ডে অনুপস্থিত ছিল ১০ হাজার ৯১৪ জন। অসদুপায় অবলম্বনের দায়ে সব বোর্ডের ২২৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

মোতায়েন করা হচ্ছে ৩১১ প্লাটন বিজিবি : বিজিবি সূত্রে জানা যায়, আজ হরতাল-পরীক্ষা ছাড়াও আগামীকাল বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষেও আইনশৃঙ্খলা পরিহিত স্বাভাবিক রাখতে রাজধানীসহ দেশের বিভিন্ন জেলায় বিজিবি মোতায়েন করা হবে। সারা দেশে এইচএসসি পরীক্ষার্থীদের নিরাপত্তা, মহাসড়কে নিরাপত্তা ও আইনশৃঙ্খলা রক্ষায় ৩১১ প্লাটন বিজিবি মোতায়েন করা হচ্ছে আজ।

বিজিবি সূত্রে মতে, আজ সারা দেশ এইচএসএসসি পরীক্ষার নিরাপত্তায় ১৩২ প্লাটন, মহাসড়কে নিরাপত্তায় ১০২ প্লাটন এবং আইনশৃঙ্খলা নিরাপত্তায় ৭৭ প্লাটন বিজিবি মোতায়েন থাকবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা যায়, কামারুজ্জামানের ফাঁসি ঘিরে নিরাপত্তার জন্য ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী মেট্রোপলিটন সিটি এবং মোহেরপুর, কুষ্টিয়া, সাতক্ষীরা, শেরপুর ও খুলনা জেলায় বিজিবি চাওয়া হয়। সে অনুযায়ী বিজিবি মোতায়েনও করা হয়েছে।

বিজিবি সূত্রে জানা যায়, ১১ এপ্রিল সন্ধ্যা থেকে ১২ এপ্রিল সন্ধ্যা পর্যন্ত সারা দেশে বিজিবি মোতায়েন রাখা হয়।